



POPI

## নিয়োগ বিজ্ঞপ্তি

পিকেএসএফ (PKSF) এর অর্থায়নে পরিচালিত পিপল্‌স্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) সংস্থার (PACE) কর্মসূচীর আওতায় মাইক্রো ও ক্ষুদ্র পাদুকাশিল্প উদ্যোক্তাদের টিকসই উন্নয়ন ও বিকাশ প্রকল্পে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলায় নিম্নলিখিত পদের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ এম.আই.এস. কাম এ্যাকাউন্টস অফিসার।

বেতনঃ সর্বসাকুল্যে মাসিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও মোবাইল ভাতা ৬০০/- টাকা এবং প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

শিক্ষাগত যোগ্যতাঃ যে কোন বিশ্ববিদ্যালয় থেকে হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী।

অভিজ্ঞতাঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে অন্তত ৭ বছর এবং সমপর্যায়ের পদে কাজ করার নূন্যতম ৩ বছরের অভিজ্ঞতা। উচ্চতর অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর।

প্রকল্পের মেয়াদঃ জুন ২০২০ পর্যন্ত।

কর্মস্থলঃ কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলা।

দায়িত্ব ও কর্তব্যঃ

- ❖ প্রকল্পের যাবতীয় হিসাব নিকাশ পি.কে.এস.এফ ও সংস্থার হিসাব সংক্রান্ত নীতিমালা অনুযায়ী পরিচালনা করা। প্রকল্পের মালামাল ক্রয় করার ক্ষেত্রে বিধি মোতাবেক পি.কে.এস.এফ বা সরকারের প্রচলিত প্রকিউরমেন্ট নীতিমালা অনুসরণ করা এবং প্রকল্পের সকল হিসাব নিকাশের ক্ষেত্রে নিয়মিত অভ্যন্তরীণ নিরীক্ষা নিশ্চিত করা।
- ❖ প্রকল্পের অর্থায়ন ও ব্যয়ের হিসাব সংরক্ষণের ক্ষেত্রে কম্পিউটার ভিত্তিক আধুনিক সফটওয়্যার ব্যবহার করা এবং প্রকল্পের আর্থিক প্রতিবেদন প্রতি মাসে পেশ করা। প্রকল্পের ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা প্রতিমাসে সামঞ্জস্যপূর্ণ না হলে সংশ্লিষ্ট উপধর্তন কর্মকর্তাকে যথাবিহিত অবহিত করা।
- ❖ প্রকল্পের হিসাব নিকাশ সংক্রান্ত যাবতীয় বিল, ভাউচার, ক্যাশবুক, লেজার, চেকবই ইত্যাদিও যথাযথ ব্যবস্থাপনা ও সংরক্ষণ।
- ❖ প্রকল্পের আর্থিক প্রতিবেদন তৈরী করা এবং সংশ্লিষ্ট দাতা সংস্থার কাছে তা প্রেরণের ব্যবস্থা নেওয়া।

### \*\*\*আবেদনের নিয়মাবলী\*\*\*

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি সদ্যতোলা রস্টিন ছবি এবং আবেদনকারীর আপডেট পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (দুইজন পরিচয়দানকারীর নাম, কর্মস্থল, মোবাইলনম্বরসহ) মোবাইলনম্বরসহ (A4 সাইজের সাদা কাগজে) আবেদনপত্র আগামী ০৭/০৮/২০১৮-ইং তারিখের মধ্যে বরাবর, "উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপল্‌স্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭" এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ই-মেইলে আবেদন পাঠাতে পারেন। ই-মেইলঃ [hr@popibd.org](mailto:hr@popibd.org)। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। খামের উপরে অথবা ই-মেইলের সাবজেক্টে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

ওয়েব সাইটঃ [www.popibd.org](http://www.popibd.org)

"নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ"